

স্মারক নং-বাক/.....২২০১৭

তারিখ: ২৪/১২/২০১৭

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের
ভর্তি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমের রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ১৪/১২/২০১৬ থেকে ২০/১২/২০১৬ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd এ প্রবেশ করে চূড়ান্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক ০২(দুই) কপি A4 (৮.৫" X ১১") সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নেয়ার পর রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে www.rc.edu.bd ওয়েবসাইটে Online Admission লিংকে প্রবেশ করে ভর্তির নির্দেশনা ও সময়সূচি মোতাবেক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজে ভর্তির বিষয়ে কলেজ ওয়েবসাইটে অনলাইন ভর্তির নির্দেশিকা থেকে বিস্তারিত তথ্য জানা যাবে।

উল্লেখ্য যে, রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের বিষয় পরিবর্তনের কোন সুযোগ থাকবে না।

১। ভর্তির সময়সূচি:

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত আবেদন ফরম, Confirmation Slip সহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ ১৪/১২/২০১৬ থেকে ২০/১২/২০১৬ তারিখ বেলা ০২:০০টার মধ্যে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

২। ভর্তি ফিস জমা:

শিক্ষার্থীরা প্রাথমিক আবেদনপত্র দাখিলের সময় রাজশাহী কলেজ ওয়েবসাইটে রেজিস্ট্রেশন করে যে Ref. ID পেয়েছে কলেজ ওয়েবসাইটে (www.rc.edu.bd) এ প্রবেশ করে অনলাইন ভর্তির নির্দেশিকা অনুসারে যথাযথ প্রক্রিয়ায় সেই Ref. ID ব্যবহার করে নির্ধারিত ফিসের টাকা ডাচবাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ১৪/১২/২০১৬ থেকে ২০/১২/২০১৬ তারিখের মধ্যে জমা দিতে হবে। কলেজ ওয়েবসাইট-এ নোটিশ কর্নার হতে ফিস পরিমাণ জানা যাবে।

DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:

- যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান।
- *1 (One) নং পেমেণ্ট সিলেক্ট করুন।
- রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন।
- Bill No-এ আপনার রেফারেন্স ID টি দিন।
- নির্ধারিত টাকার পরিমাণ লিখুন।
- চার সংখ্যার 'পিন' টাইপ করুন।
- Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে।

৩। প্রাপ্ত Trx ID নম্বরটি ব্যবহার করে www.rc.edu.bd ওয়েবসাইট হতে পরবর্তীতে Confirmation Slip ডাউনলোড করতে হবে।

DBBL Help Line- 16216 (তথ্য পাওয়ার প্রয়োজনে)

*** যে সকল শিক্ষার্থীর স্মার্টফোন আছে তারা rc.edu.bd/online-form-fillup অথবা সরাসরি 180.211.183.206/EasyCollegeMate/hons-form-fillup link-এ প্রবেশ করে নিজেরাই ডাচবাংলা মোবাইল ব্যাংকিং ফি পরিশোধ করে TrxID সংগ্রহ পূর্বক ফরম পূরণ করতে পারবে।

৪। অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা

- উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। অধ্যয়নকালীন সময়ে মূল নম্বরপত্রটি সংশ্লিষ্ট বিভাগে জমা থাকবে।
- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড, প্রশংসাপত্র এবং ভর্তির প্রাথমিক আবেদনপত্রের ০১ (এক) কপি করে ফটোকপি অনলাইন আবেদন ফরমের College কপির সঙ্গে সংযুক্ত করতে হবে।
- ০৪ (চার) কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি অনলাইন প্রিন্ট কপির নির্দিষ্ট স্থানে সংযুক্ত করতে হবে (ছবি গুলো ভর্তির প্রাথমিক আবেদনপত্রের ছবির অনুরূপ হবে)।
- ভর্তির আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগ ফেরত দিতে হবে।
- DBBL মোবাইল এ্যাকাউন্টে টাকা জমা দিয়ে www.rc.edu.bd ওয়েবসাইটে online admission লিংকে প্রবেশ পূর্বক Login করে রেফারেন্স ID এবং নিজস্ব পাসওয়ার্ড ব্যবহার পূর্বক Confirmation Slip ডাউনলোড কপি প্রিন্ট করে তা আবেদনপত্রের সঙ্গে বিভাগে জমা দিতে হবে।

৫। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় ফিসের টাকার পরিমাণ কলেজের ওয়েবসাইট, বিভাগ, ক্যাশ শাখা ও নোটিশ বোর্ডে দেয়া হবে।

বিঃদ্র: এ মর্মে সতর্ক করা যাচ্ছে যে, ভর্তিচ্ছু কোন প্রার্থী ভর্তি সংক্রান্ত সঠিক তথ্য গোপন রেখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি লঙ্ঘন করে ভর্তি হলে এবং এতদবিষয়ে পরবর্তীতে কোন জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। সংশ্লিষ্ট প্রার্থীই এ বিষয়ে সম্পূর্ণরূপে দায়ী থাকবে।

স্বাঃ
অধ্যক্ষ


রাজশাহী কলেজ, রাজশাহী।

তারিখ:.....

স্মারক নং-বাক/.....

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ভর্তির আবেদন ফরম, ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং শূন্য আসনের তালিকা ২১/১২/১৬ তারিখ বিকাল ৪টার মধ্যে ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।
- আইসিআর, ১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিঃ, অলকার মোড়, রাজশাহী।
- ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালিয়া মডেল থানা, রাজশাহী।
- কার্শিয়ান, রাজশাহী কলেজ, রাজশাহী।
- সংরক্ষণ নথি।



অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

